# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, MAY 2014
THIRD YEAR
BENGALI (Honours)
Paper : VII

Date : 22/05/2014
Time : 11 am – 3 pm
Full Marks : 80

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×12]

ক) বাংলা নাটকের ইতিহাসে তুলসী লাহিড়ী-র বিশেষত্ব আলোচনা কর।

খ) বাংলা নাটকের ইতিহাসে মোহিত চট্টোপাধ্যায়-এর বিশিষ্টতার কারণগুলি ব্যাখ্যা কর।

২। যে কোন **দুটি** বিষয়ে টীকা লেখ ঃ [2×4]

গৈরিক পতাকা, বাকি ইতিহাস, টিনের তলোয়ার, চাক ভাঙা মধু।

৩। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×9]

ক)পঞ্চাশের মন্বন্তরের যে ঐতিহাসিক প্রেক্ষাপটে ‘নবান্ন’ নাটকের উদ্ভব, সে-সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

খ) গণনাট্য আন্দোলনের মধ্য থেকেই ‘নবান্ন’ নাটকের জন্ম। তুমি কী এই অভিমতের সঙ্গে একমত? ব্যাখ্যা দাও।

৪। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×3]

ক) ‘‘দেখি এট্টা পাত্তর টাত্তর— না, তাই বা আবার পাবো কোথায়!’’ —কে বলেছে? কোন প্রসঙ্গে বলেছে? কেন বলেছে? [1+1+1]

খ) ‘‘চ, আহা ও রকম করতে নেই চ, আ-য়!’’ —কে বলেছে? কাকে, কোথায় বলেছে? কেন বলেছে? [1+1+1]

৫। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×9]

ক) ‘কল্লোল’ নাটকের নামকরণ কতখানি সার্থক হয়েছে বলে তুমি মনে করো? ব্যাখ্যা দাও।

খ) ‘কল্লোল’ নাটকে বিদ্রোহী নাবিকদের চরিত্র সৃষ্টিতে উৎপল দত্ত নাটককার হিসেবে কতখানি সফল হয়েছেন বলে তোমার মনে হয়? আলোচনা কর।

৬। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×3]

ক) ‘‘বাধা একটাই। তদ্দিনে ভারত স্বাধীন হয়ে যাবে।’’— কে বলেছেন? কাকে, কোথায় বলেছেন? কোন প্রসঙ্গে বলেছেন? [1+1+1]

খ) ‘‘তাঁকে বাঁচানোর চেয়েও বড় হলো লড়াইটাকে বাঁচানো।’’ — কে বলেছেন? কোন প্রসঙ্গে বলেছেন? বক্তার মনোভাবের কী পরিচয় এখানে পাও? [1+1+1]

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×9]

ক)‘পথের পাঁচালী’ উপন্যাসে ‘বল্লালী-বালাই’এবং ‘অক্রূর সংবাদ’-এর গুরুত্ব কোথায় আলোচনা কর।

খ) ‘পথের পাঁচালী’ উপন্যাসে সর্বজয়া প্রথম বিশ্বযুদ্ধোত্তর পর্বের দরিদ্র পল্লীজননী যেন, এ বিষয়ে তোমার অভিমত দাও।

৮। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×3]

ক) ‘‘দেখতে পারিনে বাপু, ছুঁড়িটার যে কী হ্যাংলা স্বভাব—’’ কে বলেছেন? কোন প্রসঙ্গে বলেছেন? যার উদ্দেশে বলা হয়েছে তার প্রতিক্রিয়া কী? [1+1+1]

খ) ‘‘পাগল! কোথাকার একটা পাগল, কি বক্‌ছিলি রে আপন মনে?’’—কে বলেছে? কোথায় বলেছে? ‘আপন মনে’ কে কী বলছিল? [1+1+1]

৯। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×9]

ক) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে ইতিহাস কীভাবে প্রতিফলিত হয়েছে বলে তুমি মনে কর? ব্যাখ্যা দাও।

খ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে বিরসা চরিত্রের উপস্থাপন কোন বিশিষ্টতা দাবি করে কী? আলোচনা কর।

১০। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×3]

ক) ‘‘ভগবান, পূজা করব না তোমাকে?’— কোন প্রসঙ্গে এই প্রশ্ন করা হয়েছিল? ‘ভগবান’ কীভাবে ‘পূজা’ চেয়েছিল? [1+2]

খ) ‘‘লড়ায়ের পথে কাঁটা অনেক, দুঃখ আরও বেশি।’’— কে বলেছিল? কেন বলেছিল? [1+2]

১১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×9]

ক) ‘অন্তঃসলিলা’ গল্পে এক লেখিকাকে তাঁর ব্যক্তিজীবনের মধ্যে দেখে দেবব্রত যে অভিজ্ঞতার মুখোমুখি হয় তা বিশ্লেষণ কর।

খ) দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় রচিত ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পটি ছোটোগল্প হিসেবে কতটা সার্থক আলোচনা কর।

১২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×3]

ক)‘‘সব সময় ওর মুখ থেকে আজব আজব সব শব্দ শোনা যায়’’ — ‘ও’ কে? কোথায়, কতদিন ছিল সে? ‘আজব সব শব্দ’ কী? [1+1+1]

খ)‘‘একা-একা দুজনে স্বর্ণলতার গল্প করবেন, ওসব হবে না।’’ —কে বলেছে? ‘দুজনে’ কে কে? ‘দুজনে’-র সঙ্গে স্বর্ণলতার সম্পর্ক কী? [1+1+1]